গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৫ (ভোকেশনাল-০১)
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪০.১৮.৬২৭.২৪. ৯৮০

তারিখ: ১২ ফাল্গুন, ১৪৩১
২৪ ফেব্রুয়ারি, ২০২৫

# সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি :

কারিগরি শিক্ষা অধিদপ্তরের ভোকেশনাল শাখা ও শাখাধীন প্রতিষ্ঠানসমূহে গ্রেড-১৩ হতে গ্রেড-২০ পর্যন্ত ১৯ ক্যাটাগরির ৭৫১ (সাতশত একান্ন)টি রাজস্বখাতে শূন্য পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে উল্লিখিত পদের বিপরীতে বর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে **http://dtev.teletalk.com.bd** ওয়েবসাইটে আবেদন আহবান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১. | **সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর**<br>বেতনক্রম : ১১০০০-২৬৫৯০/-<br>গ্রেড : ১৩ | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৮০ শব্দ এবং বাংলায় ৫০ শব্দ; এবং<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br><br>**ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।** |
| ২. | **লাইব্রেরিয়ান**<br>বেতনক্রম : ১১০০০-২৬৫৯০/-<br>গ্রেড : ১৩ | ৬৫ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ লাইব্রেরি সায়েন্সে ডিপ্লোমা; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা। | |
| ৩. | **সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর**<br>বেতনক্রম : ১০২০০-২৪৬৮০/-<br>গ্রেড : ১৪ | ২ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ; এবং<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ। | |
| ৪. | **হিসাবরক্ষক**<br>বেতনক্রম : ১০২০০-২৪৬৮০/-<br>গ্রেড : ১৪ | ২৮ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা। | |
| ৫. | **ইউডিএ কাম একাউনটেন্ট**<br>বেতনক্রম : ৯৭০০-২৩৪৯০/-<br>গ্রেড : ১৫ | ৪ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা। | |
| ৬. | **এলডিএ কাম স্টোর কিপার**<br>বেতনক্রম : ৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড : ১৬ | ১৭ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষায় উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা। | |
| ৭. | **সহকারী কাম স্টোর কিপার**<br>বেতনক্রম : ৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড : ১৬ | ১১ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষায় উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা। | |
| ৮. | **অফিস সহকারী কাম স্টোর কিপার**<br>বেতনক্রম : ৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড : ১৬ | ৪৬ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষায় উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা। | |
| ৯. | **এলডিএ কাম-টাইপিস্ট**<br>বেতনক্রম : ৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড : ১৬ | ২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ। | |
| ১০. | **সহকারী কাম টাইপিস্ট**<br>বেতনক্রম : ৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড : ১৬ | ২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ। | |

| ক্রঃ নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১১. | **অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর**<br>বেতনক্রম : ৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড : ১৬ | ২৭ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ। | |
| ১২. | **কেয়ার টেকার**<br>বেতনক্রম : ৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড : ১৬ | ৭৪ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা। | |
| ১৩. | **ড্রাইভার কাম মেকানিক**<br>বেতনক্রম : ৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড : ১৬ | ২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ড্রাইভার (ভারি) এর ক্ষেত্রে বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ভারি যানবাহন চালনায় পারদর্শী এবং ড্রাইভার (হালকা) এর ক্ষেত্রে বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা যানবাহন চালনায় পারদর্শী। | |
| ১৪. | **এলডিএ কাম ক্যাশিয়ার**<br>বেতনক্রম : ৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড : ১৬ | ৭৯ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষায় উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দ। | |
| ১৫. | **ক্রাফট ইন্সট্রাক্টর (সপ)**<br>বেতনক্রম : ৯০০০-২১৮০০/-<br>গ্রেড : ১৭<br><br>১। জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস- ০৫টি<br>২। ফার্ম মেশিনারী- ০২টি | ৭ | কোনো স্বীকৃত বোর্ড হইতে-<br>(ক) সংশ্লিষ্ট ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল); অথবা<br>(খ) সংশ্লিষ্ট ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা দাখিল (ভোকেশনাল) সহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; অথবা<br>(গ) বিজ্ঞানে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; অথবা<br>(ঘ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ২ (দুই) বৎসর মেয়াদি ট্রেড কোর্সে উত্তীর্ণ বা জাতীয় দক্ষতা মান ২ এবং ৩ উত্তীর্ণ। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br><br>**ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।** |
| ১৬. | **ক্রাফট ইন্সট্রাক্টর (ল্যাব)**<br>বেতনক্রম : ৯০০০-২১৮০০/-<br>গ্রেড : ১৭ | ১৫ | কোনো স্বীকৃত বোর্ড হইতে-<br>(ক) সংশ্লিষ্ট ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল); অথবা<br>(খ) সংশ্লিষ্ট ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা দাখিল (ভোকেশনাল) সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; অথবা<br>(গ) বিজ্ঞানে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; অথবা<br>(ঘ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ২ (দুই) বৎসর মেয়াদি ট্রেড কোর্সে উত্তীর্ণ বা জাতীয় দক্ষতা মান ২ এবং ৩ উত্তীর্ণ। | |
| ১৭. | **অফিস সহায়ক/নিরাপত্তা প্রহরী**<br>বেতনক্রম : ৮২৫০-২০০১০/-<br>গ্রেড : ২০ | ৪৭ | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১৮. | **অফিস সহায়ক**<br>বেতনক্রম : ৮২৫০-২০০১০/-<br>গ্রেড : ২০ | ৩১৭ | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১৯. | **অফিস সহায়ক/গার্ডেনার**<br>বেতনক্রম : ৮২৫০-২০০১০/-<br>গ্রেড : ২০ | ৫ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| | **সর্বমোট =** | **৭৫১টি** | | |

## শর্ত ও নিয়মাবলী :

১। **অন লাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান পদ্ধতিঃ**

ক. প্রার্থীগণ তাদের আবেদন http://dtev.teletalk.com.bd ওয়েবসাইটে পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

i. **Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৪/০৩/২০২৫ খ্রিস্টাব্দ, সকাল ১০:০০ টা।**

ii. **Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৪/০৩/২০২৫ খ্রিস্টাব্দ, সন্ধ্যা ০৬:০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

iii. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে পর্যাপ্ত সময় নিয়ে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে প্রার্থীগণকে পরামর্শ প্রদান করা হচ্ছে।

খ. Online এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০ Pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোন ভুল তথ্য থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's কপি প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং এই User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে দুটি SMS করে পরীক্ষার ফি নিয়োগ বিজ্ঞপ্তি'র ক্রমিক ০১ থেকে ১৪ পর্যন্ত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ১২/- (বারো) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা এবং ক্রমিক ১৫ থেকে ১৯ পর্যন্ত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-(ছয়) টাকাসহ সর্বমোট ৫৬(ছাপ্পান্ন) টাকা। **তবে সকল গ্রেডের অনগ্রসর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ)** প্রার্থীগণ পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ৬/- (ছয়) টাকাসহ (অফেরতযোগ্য) সর্বমোট ৫৬/- (ছাপান্ন) টাকা আবেদনের অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS** : DTEV<Space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DTEV ABCDEF
Reply: Applicant's Name, Tk. 112/56 will be charged as application fee, Your PIN is xxxxxxx.
To pay fee Type DTEV<space>YES<space>PIN and Send to 16222.

**দ্বিতীয় SMS** : DTEV<Space>**Yes**<Space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DTEV YES xxxxxxx
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DTE Recruitment Application for xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://dtev.teletalk.com.bd** এই ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে। বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে DTEV<Space>Help<Space>User<Space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example:** **DTEV Help User ABCDEF** & Send to 16222

ii) PIN Number জানা থাকলে DTEV<Space>Help<Space>PIN<Space>PIN No. লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example:** **DTEV Help PIN 1234567** & Send to 16222

ঝ. Online-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইট http://dtev.teletalk.com.bd এ পাওয়া যাবে।

ঞ. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে কোন ফ্লেক্সিলোডের অথবা কম্পিউটারের দোকান থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ট. অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

২। সকল পদে **প্রার্থীর বয়স ০১/০২/২০২৫ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩২ বৎসরের মধ্যে হতে হবে।** বয়স সম্পর্কিত কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমনপদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী **সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর এবং সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর** পদে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

৪। এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূন্য পদ পূরণে "কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের ক্যাডার বহির্ভূত গেজেটেড ও নন-গেজেটেড (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২০" অনুসরণ করা হবে।

৫। ক্রমিক নং ১, ৩, ৯, ১০, ১১, ১৩ এবং ১৪ এ বর্ণিত পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। তাছাড়া, ক্রমিক নং ২, ৪-৮, ১২ এবং ১৫-১৯ এ বর্ণিত পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

৬। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

৭। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৮। কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ পরিপত্র/বিধি বিধান অনুসরণ করা হবে।

৯। ২৫/০৩/২০২৪ তারিখে জারিকৃত ১৬৭নং নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যে সকল প্রার্থী ইতোপূর্বে বিভিন্ন কোটায় আবেদন করেছিল কিন্তু কোটা পদ্ধতি সংশোধন করার ফলে সর্বশেষ সংশোধিত পরিপত্র অনুযায়ী যে সকল কোটা অন্তর্ভুক্ত নাই তাদের আবেদনসমূহ সাধারণ প্রার্থী হিসাবে বিবেচনা করা হবে।

১০। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল বা নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার অধিকার সংরক্ষণ করে।

১১। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য বা জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ);

খ. প্রবেশপত্রসহ পূরণকৃত রঙিন আবেদনপত্রের কপি (Applicant's Copy) এবং ০২ (দুই) কপি ছবি;

গ. প্রার্থী যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;

ঘ. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে);

ঙ. মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ;

চ. কোনো প্রার্থী বিদেশ হতে তাঁর অর্জিত কোনো ডিগ্রীকে উল্লিখিত পদ/পদসমূহের পার্শ্বে বর্ণিত কোনো শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদ।

ছ. Online-এ আবেদন করতে কোন সমস্যা হইলে ১২১ এ কল করুন অথবা বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল ফেসবুক পেইজে https://www.facebook.com/alljobsbdTeletalk প্রবেশ করে মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে, অথবা alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: DTEV, Post Name, Applicant's User ID ও contact number অবশ্যই উল্লেখ করতে হবে)।

জ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও www.techedu.gov.bd এবং http://dtev.teletalk.com.bd এ অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

ঝ. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়িলে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করিলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১২. **২৫/০৩/২০২৪ তারিখে জারিকৃত ১৬৭ নং নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী ইতোমধ্যে যারা আবেদন করেছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নাই।**

১৩. প্রাপ্ত আবেদন প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার জন্য কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট (www.techedu.gov.bd) এবং এসএমএস এর মাধ্যমে মোবাইল নম্বরে জানিয়ে দেওয়া হবে।

১৪. নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ডি.এ প্রদান করা হবে না।

১৫. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬. একজন প্রার্থী কেবলমাত্র একটি পদের বিপরীতে আবেদন করতে পারবেন।

কারিগরি শিক্ষা অধিদপ্তর এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

কারিগরি শিক্ষা অধিদপ্তর এর টেলিটক পোর্টালের QR Code

২৮/০২/২০২৫

পরিচালক (প্রশাসন)
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটি
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।